দৈনিক ইত্তেফাক

তারিখ ২৭ FEB 1991
পৃষ্ঠা ১ কলাম ১

188

## প্রেসনোট দুঃখজনক হতাশাব্যঞ্জক

—ছাত্রঐক্য

গতকাল (শনিবার) সর্বদলীয় ছাত্রঐক্য সাবেক প্রধানমন্ত্রী মিজানুর রহমান চৌধুরীর বক্তব্যের

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ছাত্রঐক্য

(১ম পৃঃ পর)

প্রেক্ষিতে প্রদত্ত অস্থায়ী সরকারের প্রেসনোটকে গোটা জাতির জন্য দুঃখজনক ও হতাশাব্যঞ্জক বলিয়া অভিহিত করিয়াছে। গতকাল ছাত্র ঐক্যের বিবৃতিতে বলা হয়, দীর্ঘ ৯ বৎসরের গণতান্ত্রিক সংগ্রামের পরিণতিতে '৯০ সনে স্বৈরশাসক এরশাদ পদত্যাগ করিতে বাধ্য হন এবং দেশবাসীর ঐকমত্যের ভিত্তিতে প্রতিষ্ঠিত হয় অস্থায়ী সরকার। এরশাদের পদত্যাগের পর হইতেই জাতি ঐক্যবদ্ধভাবে এরশাদের বিচারের দাবী জানায়। অথচ অবৈধভাবে ক্ষমতা দখল, ক্ষমতার অপব্যবহার, চরম দুর্নীতি, কোটি কোটি টাকা আত্মসাৎ, ক্ষমতায় টিকিয়া থাকার জন্য খুন, নির্যাতন নিপীড়নসহ নানা দুষ্কর্মের অভিযোগে অভিযুক্ত একজন অপরাধীর ক্ষেত্রে অস্থায়ী সরকার যে ভূমিকা পালন করিয়াছেন তাহা অবশ্যই সমর্থনযোগ্য হইতে পারে না। বিভিন্ন মামলার আসামী এরশাদের বিচার কাজ দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে সম্পন্ন করা উচিত ছিল। এমন একজন অপরাধীকে কারাগারে না পাঠাইয়া গুলশানের বিলাসবহুল প্রাসাদে অন্তরীণ রাখা স্বাধীন জাতির গণতান্ত্রিক সংগ্রামের চেতনার সঙ্গে পরিহাসের নামান্তর।

সর্বদলীয় ছাত্রঐক্য এক্ষেত্রে সুস্পষ্টভাবে প্রেসনোটের ব্যাপারে অস্থায়ী সরকারের নিকট নিম্নবর্ণিত প্রশ্নের ব্যাখ্যা প্রদানের দাবী জানাইয়াছে।

(ক) এরশাদকে কারাগারে প্রেরণ ও দ্রুত বিচারের দাবী বাস্তবায়ন না করার ক্ষেত্রে সরকারের সীমাবদ্ধতা কোথায়? সরকার কি আভ্যন্তরীণভাবে ও আন্তর্জাতিক ক্ষেত্রে কোন চাপের সম্মুখীন? (খ) যুক্তরাষ্ট্রের হস্তক্ষেপের প্রেক্ষিতে সরকার কি ভূমিকা গ্রহণ করিয়াছেন? (গ) অর্ধঘন্টা সময় পাইলে এরশাদ রক্তগঙ্গা বহাইয়া দিতেন—মিজান চৌধুরীর এই ধরনের রাষ্ট্রদ্রোহী বক্তব্যের পর তিনি কিভাবে প্রকাশ্যে ঘুরিয়া বেড়াইতেছেন। তাহার শক্তির উৎস কোথায়? (ঘ) এরশাদ ও তাহার দোসরদের বক্তব্য দেশের দেশপ্রেমিক সেনাবাহিনীকে জাতির বিরুদ্ধে প্ররোচিত করার সামিল কি না?

বিবৃতিতে বলা হয়, অস্থায়ী সরকার যদি কোন অশুভ শক্তি বা বহিঃশক্তির চাপের কারণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ না করিয়া থাকেন তাহাও দেশবাসীর জানা প্রয়োজন। কেননা অস্থায়ী সরকার হইতেছে জাতীয় ঐকমত্যের সরকার। সর্বদলীয় ছাত্রঐক্য সেক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিয়া দেশবাসীর গণতান্ত্রিক আকাংক্ষা ও শহীদদের রক্তের অঙ্গীকার বাস্তবায়নে বদ্ধপরিকর ও দৃঢ়তার সহিত এব্যাপারে আগাইয়া যাইবে।